



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিস্ট্রেশন/জেএসসি-১৯/৫৮৮

তারিখঃ ২৩/০৪/২০১৯ খ্রিঃ

বিষয় : ২০১৯ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি জমাদান ও অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্ন / মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সনে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলী :

- সাধারণত বিদ্যালয়ে ভর্তি রেজিস্টারসহ অন্যান্য ক্ষেত্রে শিক্ষার্থীদের তথ্যে বাংলা ব্যবহার করা হলেও অনলাইন রেজিস্ট্রেশনে যেহেতু সকল তথ্য ইংরেজিতে পূরণ করা বাধ্যতামূলক তাই রেজিস্ট্রেশনের সময় অবশ্যই ছাত্র/ ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকদের নিকট থেকে সঠিক বানান নিশ্চিত হয়ে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২০১৯ সনের জে এস সি অনলাইন রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের জে এস সি ফরম পূরণের Log in password ব্যবহার করতে হবে।
- জে এস সি পরীক্ষা পরিচালনা নীতিমালা ১ (খ) ধারা অনুযায়ী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষা বছরের ৩১ ডিসেম্বর পরীক্ষার্থীর বয়স ন্যূনতম ১২ বছর হতে হবে এবং ১৭ বছরের বেশি বয়সের ছাত্র/ছাত্রী জে এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। অর্থাৎ ২০১৯ সনের জে এস সি পরীক্ষার্থীর বয়স ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে ন্যূনতম ১২ বছর হতে হবে এবং ১৭ বছরের ঊর্ধ্বে হবে না।
- রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নামের পূর্বে মি., মিসেস, মৃত, মরহুম, মেজর, কর্ণেল, ব্রিগেডিয়ার, ডাঙর, ড., শ্রী, শ্রীমতি, পাদ্রী, ফাদার, ভিক্ষু ইত্যাদি এবং নামে শেষে পদবি ছাড়া এমএ, বিএ, এফআরসিএস ইত্যাদি লেখা যাবে না।
- ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে এক জনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি Upload হয়ে না যায়।
- যে সকল শিক্ষার্থী ২০১৮ সালে রেজিস্ট্রেশন করেছে তাদের পুনরায় রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই।
- রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে সংশ্লিষ্ট “সোনালী সেবা” প্রিন্ট পূর্বক জমা দিতে হবে। অতঃপর নির্ধারিত সময়সূচি অনুযায়ী ফরওয়ার্ডিংসহ ফি জমাদানের রশিদের মূলকপি ও ই-এসআইএফ এর মূলকপি বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিতে হবে।
- যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

জে এস সি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাত ওয়ারী ফি এর হার নিম্নরূপঃ


ক. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
খ. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) -----	৩০.০০
গ. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) -----	১৫.০০
ঘ. অন্ধ কল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫.০০
ঙ. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) -----	৩০০.০০
চ. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) -----	২৫.০০

(চলমান)

ফি এর রশিদ ও ই-এসআইএফ এর কপি জমাদানের সময়সূচি :


জেলা/ উপজেলার নাম	অনলাইনে রেজিস্ট্রেশনের সময়সূচি		ফি এর রশিদ ও ই-এসআইএফ এর কপি জমাদানের সময়সূচি
	চালু	বন্ধ	
সুনামগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।	২৫/০৪/২০১৯	১৬/০৬/২০১৯	১৭/০৬/২০১৯
হবিগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			১৮/০৬/২০১৯
মৌলভীবাজার জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			১৯/০৬/২০১৯
সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ ও বিয়ানীবাজার উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			২০/০৬/২০১৯
সিলেট জেলার জকিগঞ্জ, কানাইঘাট, জৈন্তাপুর, গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বিশ্বনাথ, বালাগঞ্জ ও ওসমানীনগর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।			২৩/০৬/২০১৯

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোহাম্মদ মঈনুল ইসলাম) ২৬.০৪.১৯

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।


প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/ মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয় (সরকারি ও বেসরকারি)।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, সিলেট।
২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।